



আমাদের এন আর সি ন্যায়সংগত এন আর সি



দাবী এবং আপত্তি বিষয়ক গুরুত্বপূর্ণ ঘোষণা



দাবী এবং আপত্তি গ্রহণ করার
অন্তিম তারিখ ১৫ ডিসেম্বর,
২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে

১. যোগ্যতা পুনঃ বিবেচনার জন্য ইতিমধ্যে দাখিল করা নথির ভিত্তিতে বা তালিকা A বা তালিকা B ভুক্ত অতিরিক্ত নথির ভিত্তিতে দাবী দাখিল করা যাবে। পূর্বে দাখিল করা নথিসমূহ পুনঃ দাখিল করার প্রয়োজন নেই। লিগেসি নথির তালিকা (তালিকা A) পূর্বের মূল আবেদন দাখিল করার সময় যেমন ছিল তেমনই থাকবে। তালিকাটি নীচে দেওয়া হলঃ
 - I. এন আর সি, ১৯৫১
 - II. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রকাশিত ভোটার তালিকা
 - III. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা জমির নথি-পত্র যেমন মাটি কেনা-বেচার পঞ্জীয়নভুক্ত দলিল, ভূমিস্বত্বের নথি
 - IV. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা নাগরিকত্বের প্রমাণপত্র
 - V. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত অসমের বাইরের রাজ্য দ্বারা প্রদান করা স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র
 - VI. **২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র
 - VII. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত ভারত সরকার দ্বারা প্রদান করা পাসপোর্ট
 - VIII. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা ভারতীয় জীবন বীমা নিগম (এল আই সি আই)র বীমা পলিসি
 - IX. **২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত যে কোন সরকারী কর্তৃপক্ষ দ্বারা প্রদান করা কোন অনুজ্ঞা পত্র / প্রমাণপত্র
 - X. ***২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা সরকারী / রাষ্ট্রায়ত্ত্ব খণ্ডের চাকরি / নিয়োগের প্রমাণপত্র
 - XI. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা বেংক / ডাকঘরের একাউন্টসের নথি
 - XII. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত কর্তৃত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদান করা জন্মের প্রমাণপত্র
 - XIII. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত বোর্ড / বিশ্ববিদ্যালয় দ্বারা প্রদান করা শিক্ষার প্রমাণপত্র
 - XIV. ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা ন্যায়িক বা রাজস্ব আদালতের নথি / আদালতের প্রসেডিংজনিত নথি
 - XV. ****২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা রেশন কার্ড

- * শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্রে নিম্নলিখিত নথিগুলোও সন্নিবিষ্ট হবেঃ
 - (i) ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা সাহায্যপ্রাপ্তির যোগ্যতাসূচক প্রমাণপত্র
 - (ii) ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা শরণার্থী শিবিরের আবাসিক প্রমাণপত্র
 - ** ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত প্রদান করা সরকারী রশিদ, বিজ্ঞপ্তি, হুকুম বা রেকর্ড সন্নিবিষ্ট হবে
 - *** ২৪ মার্চ, ১৯৭১ (মধ্যরাত্রি) পর্যন্ত সরকারী চাকরিতে / রাষ্ট্রায়ত্ত্ব খণ্ডে নিয়োগের তথ্য উল্লেখ থাকা পেশন পরিশোধ করার হুকুম (PPO) এর নথি অন্তর্ভুক্ত
 - **** এটি সহযোগী নথি মাত্র এবং শুধুমাত্র তালিকা A ভুক্ত ১৪ প্রকার নথির যে কোন একটির সংঙ্গে সংলগ্ন হলেই গ্রহণযোগ্য হবে
২. সম্পর্কের যোগসূত্র প্রমাণ করার জন্য তালিকা B ভুক্ত নথির ক্ষেত্রে ৩১ অগস্ট ২০১৫ পর্যন্ত প্রদান করা অফিসিয়াল রেকর্ডের অন্তর্গত এবং আইনমতে গ্রহণযোগ্য যে কোন নথি দাখিল করতে পারবেন
 ৩. দাবী দাখিলের পর্যায়ে লিগেসি ব্যক্তি পরিবর্তন করা যাবে না
 ৪. আবেদনকারীর দ্বারা পূর্বে ঘোষণা করা হাতে লেখা বংশলতিকার বিবরণীতে কোন ধরণের পরিবর্তন করা যাবে না
 ৫. খসড়া এন আর সিতে কোন নাম অন্তর্ভুক্তির বিরুদ্ধে যে কোন ব্যক্তি আপত্তি দাখিল করতে পারবেন। আপত্তি অগ্রাহ্য হলে কোন ধরণের জরিমানা করা হবে না
 ৬. দাবী নীচে উল্লেখ করা ব্যক্তিগণও দাখিল করতে পারবেনঃ
 - ক) ভুলবশতঃ 'ডি' ভোটার (DV) বা ঘোষিত বিদেশী (DF) বা বিদেশী ন্যায়াধিকরণে মামলা বিচারাধীন (PFT) হিসাবে দাবী করা ব্যক্তি এবং সেই ব্যক্তির বংশধরগণ
 - খ) ন্যায়িক কর্তৃপক্ষ / বিদেশী ন্যায়াধিকরণে ভারতীয় হিসাবে ঘোষণা করার হুকুম থাকা কিন্তু খসড়া এন আর সিতে নাম অন্তর্ভুক্ত না হওয়া ব্যক্তি
 ৭. দাবী এবং আপত্তির ক্ষেত্রে ১৯৫৫ সনের নাগরিকত্ব আইনের ধারা ১৭র বিধি প্রযোজ্য হবে

রাজ্যিক সমন্বয়ক, এন আর সি,
অসম সরকার

জনহিতার্থে প্রচারিত

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক,
গৃহ মন্ত্রণালয়, ভারত সরকার

বিশদভাবে জানতে
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের
হেল্পলাইন নম্বরে ফোন করুন

১৫১০৭ (অসমের জন্য)
১৮০০৩৪৫৩৭৬২
(অসমের বাইর থেকে)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

f nrcassam @NRCupdateAssam এ
আমাদের অনুসরণ করুন